

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd


নম্বর: ৩৯.০০.০০০০.০১২.৯৯.০০২.২১-১৪

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২
০১ মার্চ ২০২৬

সতর্কীকরণ নোটিশ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিশেষ গবেষণা কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্প, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ, বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান এবং বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদান করা হয়ে থাকে। সম্প্রতি মন্ত্রণালয় অবহিত হয়েছে যে, একটি অসাধুচক্র টাকা হাতিয়ে নেওয়ার জন্য অনুদান প্রাপ্ত শিক্ষক/গবেষক, শিক্ষার্থী, বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের হোয়াটসঅ্যাপ নম্বর অথবা মোবাইল ফোনে ব্যাংক একাউন্ট নম্বর, ডেবিট/ক্রেডিট কার্ডের নম্বর, ই-মেইল নম্বর এবং পিন নম্বরসহ ব্যক্তিগত তথ্য জানার চেষ্টা চালাচ্ছে। কয়েকজন আবেদনকারী বিষয়টি মৌখিকভাবে মন্ত্রণালয়কে অবহিত করেছেন।

০২। এমতাবস্থায়, অনুদান প্রাপ্ত শিক্ষক/গবেষক, শিক্ষার্থী, বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট নম্বর, ডেবিট/ক্রেডিট কার্ডের নম্বর, ই-মেইল নম্বর এবং পিন নম্বরসহ ব্যক্তিগত তথ্য এই মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ব্যক্তিবর্গ ব্যতিত অন্য কাউকে শেয়ার না করার জন্য নির্দেশক্রমে সতর্ক করা হলো।


মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail:st7@most.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (বিপ্র)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (বিপ্র-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।